

সংবাদ

দৈনিক
ইনকিলাব

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা, রাজশাহী, যশোর, কুমিল্লা, চট্টগ্রাম, সিলেট,
বরিশাল ও বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২০০৩ সালে অনুষ্ঠিতব্য মাধ্যমিক/দাখিল পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা সম্পর্কিত বিজ্ঞপ্তি :

১. ২০০১-২০০২ শিক্ষাবর্ষে নিবন্ধনকৃত সকল ছাত্র/ছাত্রী নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।
২. ২০০১ সালে অনুষ্ঠিত এসএসসি/দাখিল পরীক্ষায় এক থেকে চার বিষয়ে অকৃতকার্য কিন্তু নিবন্ধনের মেয়াদ আছে তারা উক্ত অকৃতকার্য বিষয়সমূহে অথবা সকল বিষয়ে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।
৩. ২০০১ সালে অনুষ্ঠিত এসএসসি/দাখিল পরীক্ষায় এক বিষয়ে অকৃতকার্য এবং গ্রাউ জিপিএ ১.৫ বা তদুর্ধ্ব কিন্তু নিবন্ধনের মেয়াদ শেষ, তারা নিবন্ধন ১ বছরের জন্য নবায়নপূর্বক শুধুমাত্র অকৃতকার্য বিষয়ে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।
৪. (ক) যে সকল পরীক্ষার্থী ২০০১ সালে ১ (এক) বিষয়ে অকৃতকার্য এবং কলেজে ভর্তি হয়েছে কিন্তু ২০০২ সালে অনুষ্ঠিত এসএসসি/দাখিল পরীক্ষায় উক্ত বিষয়ে আবারো অকৃতকার্য হয়েছে তাদের ভর্তি বাতিল হবে না। তারা ছাদশ শ্রেণীতে পাঠ গ্রহণ করতে পারবে। ২০০৩ সালের এইচএসসি/আলিম পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। এ ধরনের পরীক্ষার্থীগণ ২০০৩ সালের মাধ্যমিক/দাখিল পরীক্ষায় সংশ্লিষ্ট এক বিষয়ে কৃতকার্য হলে তারা ২০০৪ সালের উচ্চ মাধ্যমিক/আলিম পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। যে সকল পরীক্ষার্থীর নিবন্ধনের মেয়াদ শেষ হয়ে গেছে তাদেরকে ২০০৩ সালের জন্য নিবন্ধন নবায়নপূর্বক এসএসসি/দাখিল পরীক্ষায় অকৃতকার্য এক বিষয়ে অংশগ্রহণের জন্য বিশেষ বিবেচনায় সর্বশেষবারের মত সুযোগ প্রদানে সরকার সম্মত হয়েছে।
(খ) যে সকল পরীক্ষার্থী ২০০২ সালে নিবন্ধন এক বছরের জন্য নবায়ন করে পরীক্ষায় অংশগ্রহণ করেছে এবং আবারো অকৃতকার্য হয়েছে তারাও এ সুযোগ শেষবারের মত গ্রহণ করতে পারবে। এছাড়া যারা ২০০১ সালে একাদশ শ্রেণীতে ভর্তি হয়নি কিন্তু জিপিএ-১.৫ সহ এক বিষয়ে অকৃতকার্য হয়েছে তারাও শেষবারের মত এ সুযোগ গ্রহণ করতে পারবে।
(গ) সরকার প্রদত্ত এ বিশেষ ও সর্বশেষ সুযোগ ২০০৩ সালের এসএসসি/দাখিল পরীক্ষার পর আর কোন অবস্থাতেই প্রদান করা হবে না। সংশ্লিষ্ট সকলকে এ বিষয়টি অবহিত করা হলো।

সকল শিক্ষা বোর্ডের পক্ষে-
প্রকেসর মোহাম্মদ জুনায়েদ
চেয়ারম্যান

পি-২২৮৩/২০০২ (৮'৪২)

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা